



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: Answer Work Sheet- 5

Class: 4



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 15 / 07 / 2020

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নের উত্তরগুলি লেখ :-

একজন মানুষ তার একক প্রচেষ্টায় একটা জাতির চিন্তাধারা পালটে দিয়েছেন, এমন উদাহরণ পৃথিবীতে খুব বেশি নেই। ঈশ্বরচন্দ্র হলেন সেই মানুষ যিনি দুইশত বৎসর আগে জন্মে বাঙালি জাতিকে সবদিক থেকে উন্নত করার চেষ্টা করেছিলেন। ১৮২০ সালের ২৬শে সেপ্টেম্বর মেদিনীপুরের বীরসিংহ গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। তার পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় ও মাতার নাম ভগবতী দেবী। অনেক কষ্ট করে তিনি পড়াশোনা করেছিলেন। স্বীকৃতি হিসাবে তিনি 'বিদ্যাসাগর' উপাধি পান। কলেজে অধ্যাপনার সঙ্গে সঙ্গে তিনি শিক্ষা বিস্তারে মনোনিবেশ করেন। তিনি বাংলা গদ্যকে নতুন রূপ দেন। তাকে বাংলা গদ্যের জনক বলে। সংস্কৃত জানে না এমন বাঙালিদের জন্য বহু সংস্কৃত গ্রন্থ বাংলায় অনুবাদ করেন। বহু স্কুল ও কলেজ স্থাপন করেন। মেয়েদের শিক্ষার জন্য বহু বিদ্যালয় তিনি স্থাপন করেন। তারই চেষ্টায় ইংরেজ সরকার এদেশে বিধবা বিবাহ আইন প্রবর্তন করেছিলেন। তার আরো একটা বড়ো গুণ ছিল, তিনি অত্যন্ত দয়ালু মানুষ ছিলেন। কোনো মানুষের দুঃখ কষ্ট দেখে তিনি স্থির থাকতে পারতেন না। দেশের মানুষ তাই তার নাম দিয়েছিলেন 'দয়ার সাগর'। ১৮৯১ সালে ৭২ বছর বয়সে এই মহান মানুষ পরলোক গমন করেন।

প্রশ্ন :-

১। ঈশ্বরচন্দ্র কত সালে জন্মগ্রহণ করেন ?

উ:- ১৮২০ সালে ২৬শে সেপ্টেম্বর ঈশ্বরচন্দ্র জন্মগ্রহণ করেন।

২। ঈশ্বরচন্দ্রের পিতা ও মাতার নাম কী ?

উ:- ঈশ্বরচন্দ্রের পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় ও মাতার নাম ভগবতী দেবী।

৩। মেয়েদের শিক্ষার জন্য তিনি কী করেছেন ?

উ:- মেয়েদের শিক্ষার জন্য তিনি অনেক বিদ্যালয় স্থাপন করেন ।

৪। ঈশ্বরচন্দ্রের চেষ্ঠায় কোন আইন প্রবর্তন হয় ?

উ:- ঈশ্বরচন্দ্রের চেষ্ঠায় বিধবা বিবাহ আইন প্রবর্তন হয় ।

৫। কাকে দয়ার সাগর বলা হয় ?

উ:- বিদ্যাসাগরকে দয়ার সাগর বলা হয় ।

৬। কত বৎসর বয়সে তিনি পরলোকগমন করেন?

উ:- ৭২ বৎসর বয়সে তিনি পরলোকগমন করেন ।

৭। ঈশ্বরচন্দ্র ছাড়া অন্য একটি সমাজ সংস্কারকের নাম লেখ ?

উ:- রামমোহন রায় ।

৮। বাক্য রচনা কর:-

ক) অধ্যপনা = আমার বাবা অধ্যপনা করেন ।

খ) দয়ালু = তিনি দয়ালু মনের মানুষ ।

গ) বাঙালি = আমি বাঙালি ।

৯। ঠিক বা ভুল লেখ:-

ক) ঈশ্বরচন্দ্র একটিমাত্র মানুষের চিন্তাধারা পালটে দিয়েছিল । ভুল

খ) বহু সংস্কৃত গ্রন্থ ঈশ্বরচন্দ্র বাংলায় অনুবাদ করেন । ঠিক

গ) বাংলা গদ্যের জনক বলা হয় সুকুমার রায়কে । ভুল

ঘ) ঈশ্বরচন্দ্র কলকাতায় জন্মগ্রহণ করেন । ভুল

১০। বিপরীত শব্দ লেখ -

ক) মানুষ = অমানুষ

খ) উন্নত = অবনত

গ) পরলোক = ইহলোক

ঘ) জন্ম = মৃত্যু

ঙ) স্থির = অস্থির

চ) দয়ালু = নিষ্ঠুর

Manashi Chaudhuri